আলমডাঙ্গায় গাঁজাসহ বজলু আটক, পলাতক দুজনের বিরুদ্ধে মামলা

আলমডাঙ্গার বাড়াদি গ্রামে মাদক বিরোধী অভিযানে বজলু (৪৫) নামে একজনকে ৫শ গ্রাম গাঁজা সহ আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টার দিকে আলমডাঙ্গা থানার এসআই খসরু আলমের নেতৃত্বে পুলিশি ফোর্স তাকে আটক করে। আটকৃত বজলুর শরীর তল্লাশী করে ৫ শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের চারাপাড়া গ্রামের মৃত মহিউদ্দিনের জামাতা বজলু রহমান। সে দীর্ঘদিন বাড়াদি গ্রামে বসবাস করে আসছে। এরই সুযোগে বাড়াদি সহ বিভিন্ন অঞ্চলে পাইকারি ও খুচরা গাঁজা বিক্রয় করে। পুলিশি অভিযান পরিচালনা করলে তারা ধরাছোঁয়ার বাইরে থাকে।

বৃহস্পতিবার আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলামের নির্দেশে এসআই খসরু আলমের নেতৃত্বে পুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। এসময় বাড়াদি বাজার প্রাঙ্গণ থেকে বজলুর রহমানকে আটক করে পুলিশ। এসময় তার সাথে থাকা আরো দুজন ক্রেতা পুলিশের উপস্থিততে পালিয়ে যায়। আটকৃত বজলুর শরীর তল্লাশী করে ৫শ গ্রাম গাঁজা উদ্ধার করে। এ বিষয়ে আলমডাঙ্গা থানায় বজলুসহ পলাতক দুজনের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করেছে পুলিশ।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকাল চারটায় চুয়াডাঙ্গার হোটেল সাহিদ প্যালেসের রাফেল কনভেনশন হল অ্যান্ড কমিউনিটি সেন্টারে এ বর্ধিত

সভা অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের আহ্বায়ক ওবাইদুর রহমান চৌধুরী জিপুর সভাপতিত্বে বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ কেন্দ্রীয় কমিটির সহসভাপতি সৈয়দ নাসির উদ্দীন।এ সময় প্রধান অতিথি বক্তব্য তিনি বলেন, নতুন শক্তি নিয়ে জেগে উঠবে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ। বাংলাদেশের উন্নয়নে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার কোনো বিকল্প নেই। বাংলাদেশকে সমৃদ্ধির পথে নিয়ে যাচ্ছেন।

আর এই উন্নত বাংলাদেশ গড়ার অগ্রযাত্রাকে কোনো ষড়যন্ত্রকারী রোধ করতে পারবে না। তারই নেতৃত্বের প্রতি অবিচল আস্থা রেখে স্বেচ্ছাসেবকলীগের এগিয়ে যেতে হবে।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল সায়েম।জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমান মতির পরিচালনায় বর্ধিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক খাইরুল হাসান জুয়েল, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক শাকিল আহমেদ বাবু, উপ- আইন বিষয়ক সম্পাদক অ্যাড. জিসান মাহমুদ।

বর্ধিত সভায় জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের সম্মেলন, উপজেলা ও ইউনিয়ন কমিটির সম্মেলন ও দলীয় গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

বাহাউদ্দীন নাসিমকে চুয়াডাঙ্গায় ফুলেল শুভেচ্ছা

বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক আ.ফ.ম. বাহাউদ্দীন নাসিমকে চুয়াডাঙ্গায় ফুলেল শুভেচ্ছা জানানো হয়ছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার দিকে চুয়াডাঙ্গা ডিঙ্গেদহ বাজারে তাকে এ ফুলেল শুভেচ্ছা প্রদান করে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ ও অংঙ্গসহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের বর্ধিত সভায় বিশেষ অতিথি হিসেবে যোগদানের উদ্দেশ্য তিনি চুয়াডাঙ্গা হয়ে মেহেরপুর যাচ্ছিলেন। পথিমধ্যে তাকে এ ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র ও জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের আহ্বায়ক ওবাইদুর রহমান চৌধুরী জিপু, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমান মতি, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. জানিফ, চুয়াডাঙ্গা পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর ও সদর উপজেলা স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহ্বায়ক মাফিজুর রহমান মাফি সহ নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গা ডায়মন্ড ওয়ার্ল্ড শো-রুমের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলায় প্রথম ডায়মন্ড ওয়ার্ল্ডের শো- রুমের শুভ উদ্বোধন করা হয়েছে।অলংকারে আভিজাত্যের ছোঁয়া নিয়ে আন্তর্জাতিক মান ও অত্যাধুনিক ডিজাইনের ডায়মন্ড ওয়ার্ল্ডের জুয়েলারি পণ্য ক্রেতাদের দোরগোড়ায় পৌঁছে দিতে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বরে উদ্বোধন করা হল চুয়াডাঙ্গায় প্রথম নতুন শো-রুম।

বৃহস্পতিবার সকাল সাড়ে এগারোটার সময় ফিতা কেটে শো-রুমটি উদ্বোধন করেন এফবিসিসিআইয়ের পরিচালক, ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক এবং বাংলাদেশ জুয়েলার্স সমিতির সাধারণ সম্পাদক দিলীপ কুমার আগরওয়ালাসহ ব্যবসায়িক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ। শো-রুমটি উদ্বোধনের পরই ক্রেতা ও দর্শনার্থীদের ঢল নামে।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার জাহিদুল ইসলাম, ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা, চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্সের সভাপতি ইয়াকুব হোসেন মালিক, সিঙ্গাপুরস্থ বাংলাদেশ ব্যবসায়ী সমিতির (বিডিচ্যাম) সাবেক সভাপতি সাহিদুজ্জামান টরিক,চুয়াডাঙ্গা জেলা ছাএলীগের সাধারণ সম্পাদক মোঃ জানিফ, জেলা প্রেসক্লাব সভাপতি অ্যাড. মানিক আকবর প্রমুখ।

ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা বলেন, সারা দেশের মধ্যে চুয়াডাঙ্গায় ২৫ তম শো রুমের যাত্রা শুরু হলো। ডায়মন্ড ওয়ার্ল্ডের শো রুম এ জেলাবাসীর দীর্ঘদিনের দাবী ছিল। নতুন শো রুম উপলক্ষে চুয়াডাঙ্গার মানুষের জন্য বিশেষ ছাড় ও সুবিধার ব্যবস্থা রয়েছে বলেও জানান তিনি।

মেহেরপুর জেলা আওয়ামী লীগসহ ৫ ইউনিটের সম্মেলনের দিন নির্ধারণ

মেহেরপুর জেলা আওয়ামী লীগসহ ৫টি ইউনিটের সম্মেলনের দিন নির্ধারণ করা হয়েছে। অন্য ইউনিটগুলো হচ্ছে মেহেরপুর পৌর আওয়ামী লীগ, সদর উপজেলা আওয়ামী লীগ, গাংনী উপজেলা আওয়ামী লীগ ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

আজ বৃহস্পতিবার বিকালে জেলা আওয়ামী লীগের বর্ধিত সভা থেকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সিদ্ধান্ত মোতাবেক ৬ ডিসেম্বর জেলা আওয়ামী লীগ, ১৮ নভেম্বর মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ, ১৯ নভেম্বর সদর উপজেলা আওয়ামী লীগ, ২০ নভেম্বর মেহেরপুর পৌর আওয়ামী লীগ ও ৫ ডিসেম্বর গাংনী উপজেলা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হবে।

বর্ধিত সভায় কেন্দ্রীয় আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ.ফ.ম বাহাউদ্দিন নাছিম প্রধান অতিথি এবং সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেলন প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হেরোইন রাখার অভিযোগে একজনের যাবজ্জীবন

মেহেরপুরে হেরোইন রাখার অভিযোগে মিজানুর রহমান মজনু নামের এক মাদক ব্যবসায়ীকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছে আদালত। বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস এ রায় দেন। একই সঙ্গে ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছে।
সাজাপ্রাপ্ত মিজানুর রহমান মজনু মেহেরপুরের গাংনী পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডের সদরউদ্দিন সাহার ছেলে।

মামলার বিবরণে জানা যায়, ২০১২ সালের ১২ মে গাংনীর র্যাব-৬ এর একটি দল গাংনী বাজার এলাকায় অভিযানের সময় পানের দোকানদার মিজানুর রহমান মজনু র্যাব সদস্যদের দেখে পালানোর চেষ্টা করে। এসময় র্যাব সদস্যরা তাকে গ্রেপ্তার করার পর তার কাছ থেকে ২৯ গ্রাম হেরোইন উদ্ধার করেন। এ ঘটনায় গাংনী থানায় একটি মামলা দায়ের করেন।

মামলার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার তৎকালীন এস আই আসাদুজ্জামান আসাদ মামলার প্রাথমিক তদন্ত শেষে আদালতে অভিযোগপত্র দাখিল করেন। মামলায় ১৪ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন। এতে মিজানুর রহমান মজনু দোষী প্রমাণিত হওয়ায় আদালত তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডসহ ১০ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ডাদেশ দেন।

মামলার রাষ্ট্রপক্ষের অতিরিক্ত পিপি কাজি শহীদুল হক এবং আসামি পক্ষে অ্যাডভোকেট মিয়াজান আলী আইনজীবীর ছিলেন।

রাজনৈতিক ফায়দা লুটার চেষ্টায় সাম্প্রদায়িক বিদ্বেষ ছড়ানো হচ্ছে

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ.ফ.ম বাহাউদ্দিন নাছিম বলেছেন, পাকিস্তানি ভাবধারায় ধর্মভিত্তিক রাজনীতি, সাম্প্রদায়িক রাজনীতি ও উগ্র সাম্প্রদায়িক রাজনীতিকে, যারা মহান মুক্তিযুদ্ধের বিরোধীতা করেছিল, রাজাকার-আলবদর-জামায়াত ইসলামসহ তাদেরকে পশ্রয় দিয়ে খুনি জিয়াউর রহমান বাংলাদেশে একটি নেতিবাচক ও সাম্প্রদায়িক রাজনীতির অশুভ যাত্রা শুরু করে। তারই ধারাবাহিকতায় সেই নীল নকশা বাস্তবায়ন করার জন্য ডিজিটাল প্লাটফর্মকে ব্যবহার করে হিন্দু-মুসলমান বিদ্ধেষ ছড়িয়ে একটি মহল রাজনৈতিক ফায়দা লুটার চেষ্টা করছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টার মিলনায়তনে মেহেরপুর জেলা আওয়ামী লীগের বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে বক্তব্য দেন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় নির্বাহী সদস্য আমিরুল আলম মিলন এমপি, পারভিন জামান কল্পনা, অ্যাড. গ্লোরিয়া সরকার ঝর্ণা এমপি, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।
সভা সঞ্চালনা করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

এসময় মেহেরপুরে-১ আসনের সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান, জয়নাল আবেদীন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী, সহ-সভাপতি আবদুস সামাদ বাবলু বিশ্বাস, যুগ্ম সম্পাদক ইব্রাহিম শাহীন আইন, বিষয়ক সম্পাদক ও পিপি পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, কেন্দ্রীয় মহিলা আওয়ামী লীগের সদস্য শামিমারা হীরা, মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের

আহবায়ক মাহফুজুর রহমান রিটন, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, সরফরাজ হোসেন মৃদুল, জেলা সেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, জেলা কৃষকলীগের সভাপতি মাহবুব উল আলম শান্তি, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ডাক্তারদের ভুল চিকিৎসার শিকার দিন মজুরের স্ত্রীর বাঁচতে চায়

ঝিনাইদহের কোটচাঁদপুর মাহবুবা প্রাঃ হাসপাতালে অপারেশন করতে এসে ভুল চিকিৎসার শিকার হলেন সাহিদা আক্তার লিপি (৪০) নামে এক নারী । ডাক্তাররা তার জরায়ূর টিউমার অপারেশন করতে গিয়ে কেটে ফেলেছেন মূত্রথলি। বিষয়টি জানার পরেও দীর্ঘ চার মাস চিকিৎসার নামে তার সাথে প্রতারনা করেছেন ডাঃ ও সংশ্লিষ্ট ক্লিনিক কর্তৃপক্ষ । লিপি ও তার পরিবারের সদস্যরা জানান, বেশকিছু দিন ধরে তার জরায়ূতে টিউমার হওয়ার কারণে প্রচন্ড ব্যথা অনুভব করেন। এ অবস্থায় গত ২৭ মে তিনি কোটচাঁদপুর শহরের বলুহর বাসষ্টান্ড এলাকায় অবস্থিত মাহবুবা জেনারেল প্রাইভেট হাসপাতালে ভর্তি হন। ওই দিন বিকালে ডাঃ রাকিবুল ইসলাম ও ডাঃ আনিচুর রহমান তার অপারেশন করেন। অপারেশন করতে গিয়ে ডাক্তাররা তার মূত্রথলি কেটে ফেলেন। অপারেশন শেষে প্রায় দশ দিন হাসপাতালে থাকার পরও তার শারীরিক অবস্থার উন্নতি হয়নি। মূত্রথলি কেটে ফেলার কারণে সারাক্ষণ প্রস্রাব বের হতে থাকে। সাথে সাথে পেটেও প্রচন্ড জ্বালা যন্ত্রণা শুরু হয়। গত ১০ জুন তিনি তার সমস্যা নিয়ে ডাঃ রাকিবুলের পরবর্তিতে তিনি ২৫ জুন চুয়াডাঙ্গা সদর হাসপাতালের সিনিয়র কনসালট্যান্ট (অবস এন্ড গাইনী) ডাঃ আকলিমা খাতুনকে দেখান। এখানে পরীক্ষায় লিপির মূত্রথলি কাটা ধরা পড়ে। ডাঃ আকলিমা খাতুনের কাছে চিকিৎসা নেওয়ার পরও তার অবস্থার উন্নতি হয়নি। নিরূপায় হয়ে ১৪ আগষ্ট তিনি ফরিদপুরে ডায়াবেটিক এসোসিয়েশন মেডিকেল কলেজ ও হাসপাতালের ইউরোলজী বিভাগের প্রধান অধ্যাপক ডাঃ জে.সি সাহা’র কাছে যান। সেখানেও পরীক্ষায় মূত্রথলি কাটা ধরা পড়ে। এ অবস্থায় ডাক্তার পুনরায়

অপারেশনের পরামর্শ দেন। এরই মধ্যে ফোটায় ফোটায় প্রস্রাব পড়ে তার পেটের ভিতরে ইনফেকশন হয়। কিন্তু লিপি আর্থিক দৈন্যতার কারণে দ্রুত সময়ের মধ্যে অপারেশন করাতে ব্যর্থ হন। অবশেষে দিন মজুর স্বামী তার স্ত্রীর জীবন বাঁচাতে ধার-দেনা ও হালের গরু বিক্রি করে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করান। সেখানকার চিকিৎসক ডাঃ শোভা বর্ধনের অধীনে লিপি চিকিৎসাধীন রয়েছেন। দীর্ঘ সময় পার হওয়ার কারণে পেটের ইনফেকশন বেড়ে যাওয়ায় পুনরায় অপারেশন করতে বিলম্ব হবে বলে ডাক্তার জানিয়েছেন। তার প্রথম অপারেশনের সময় ডাক্তাররা লিপির মূত্রথলি কাটার বিষয়টি নিশ্চিত জানার পরও দীর্ঘ চার মাস চিকিৎসার নামে তাকে ঘুরাতে থাকেন।

লিপি জানান, ডাঃ রাকিবুল ইসলামের সাথে ২০ হাজার টাকার চুক্তিতে অপারেশন করান। চুক্তির টাকা নেয়ার পরও তিনি তার কাছ থেকে ১ হাজার টাকা বেশি নেন। তিনি বলেন, টাকা বেশি নেয়ায় আমার কোন অভিযোগ নেই। কিন্তু ভুল অপারেশন করে আমাকে যে কষ্ট ও অর্থদন্ড করেছে আমি তার বিচার চাই। এ ব্যাপারে রাকিবুল ইসলামের সাথে কথা হলে তিনি বলেন আমি অপারেশন করিনি। অপারেশনের কাজে ডাঃ আনিচুর রহমানকে আমি সহায়তা করেছি। ডাঃ আনিচুর রহমান জানান, লিপির অপারেশন আমি করেছি। এ জাতীয় অপারেশন করতে গেলে কখনও কখনও ভুলত্রুটি হয়। রোগীকে আমার সাথে যোগাযোগ করতে বলেন তার অপারেশনের ব্যবস্থা করে দেব। সার্জন ছাড়া অপারেশন করতে পারেন কি-না এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ডাঃ ফজলে আকবরের মৃত্যুর পর রিমোট এরিয়ার অপারেশনগুলো আমিই করছি। তিনি আরও বলেন আমি এ পর্যন্ত প্রায় ৪’শ অপারেশন করেছি। সাহিদা আক্তার লিপি’র অভিযোগ, ডাঃ রাকিবুল ইসলাম ও হাসপাতাল মালিক লিটনের সাথে কথা বলেই আমরা তাদের চুক্তিতে সম্মত হয়েই অপারেশনের জন্য সেখানে ভর্তি হই। অথচ তারা অপারেশনের নামে আমাকে বিপদে ফেলে কেউ কোন দায়-দায়িত্ব নিচ্ছে না। তিনি এ সমস্ত কথিত ডাক্তার ও ক্লিনিক মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নিকট দাবি জানিয়েছেন। ভুল চিকিৎসার শিকার সাহিদা আক্তার লিপি (৪০) জীবননগর উপজেলার সেনেরহুদা গ্রামের আশাদুল হকের স্ত্রী।

এ ব্যাপারে উপজেলা স্বাস্থ্য কমকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, ক্ষতিগ্রস্থ রোগীর পক্ষ থেকে অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে। উল্লেখ্য, কোটচাঁদপুর হাসপাতালকে ঘিরে ১৭টি ক্লিনিক, ৫টি ডায়াগনস্টিক সেন্টার গড়ে উঠেছে। এখানকার ক্লিনিকগুলোতে নেই নিয়মিত ডাক্তার, প্রশিক্ষণপ্রাপ্ত নার্স, অধিকাংশ ক্ষেত্রেই নেই

সরকারি অনুমোদন। যে কারণে রোগী মৃত্যু, ভুল অপারেশন ও ভুল রিপোর্ট দেয়ার ঘটনা প্রায়ই ঘটছে। অথচ বিষয়টি নিয়ে সংশ্লিষ্টদের কোন মাথা ব্যথা নেই।

ঝিনাইদহে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নারীর মৃত্যু

ঝিনাইদহে গত ২৪ ঘন্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসি খাতুন (৩৫) নামের এক নারীর মৃত্যু হয়েছে। বুধবার সন্ধ্যায় ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ওই নারী মৃত্যু হয়। হাসি খাতুন হরিণাকুন্ডু উপজেলার পারমথুরা পুর গ্রামের কাওছার আলীর স্ত্রী। মৃত নারীর খালা মিমি খাতুন জানান, গত ৫ দিন আগে তার জ্বর হয়। বাড়িতে ২ দিন চিকিৎসা নিয়েছে। ২ দিন আগে আরও অসুস্থ হয়ে পড়লে একটি ক্লিনিকে ভর্তি করা হয়। সেখানে শারিরীক অবস্থার আরও অবনতি হলে বুধবার দুপুরে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

ঝিনাইদহ সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: হারুন-অর-রশিদ জানান, স্থানীয় ভাবে আক্রান্ত ওই নারী ডেঙ্গুর উপসর্গ নিয়ে বুধবার দুপুরে সদর হাসপাতালে ভর্তি হয়। সন্ধ্যায় চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এ নিয়ে জেলায় ২ জনের মৃত্যু হয়। এখন পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা ২১ জন। বর্তমানে ২ জন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। যারা স্থানীয় ভাবে আক্রান্ত হয়েছে।

মেহেরপুরে ইউপি নির্বাচনে

সদস্য প্রার্থী উছাইদ আলীর মটরসাইকেল শোভাযাত্রা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর সদর উপজেলার ২ নং বুড়িপোতা ইউনিয়নে ৯নং ওয়ার্ড সদস্য পদপ্রার্থী হিসেবে প্রচার প্রচারনা ও মোটরসাইকেল শোভাযাত্রা করেছেন মোঃ উছাইদ আলী।

এর অংশ হিসেবে বুধবার বিকাল ৪ টায় নিজের অবস্থান জানান দিতে বুড়িপোতা ইউনিয়নের শালিকা, বাড়িবাকা ও গুচ্ছগ্রামে মোটরসাইকেল শোডাউন ও গণসংযোগ করেছেন। মোটরসাইকেল শোডাউনটি ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের বিভিন্ন পাড়ার রাস্তা প্রদক্ষিণ করে।

শোডাউনের ফাঁকে ফাঁকে ওয়ার্ডের এলাকা ও হাট-বাজারগুলোতে স্থানীয়দের সঙ্গে মতবিনিময় ও গণসংযোগের মধ্য দিয়ে দোয়া ও সমর্থন চেয়েছেন মোঃ উছাইদ আলী।